



বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন
প্লট# ই-৫/এ, শের-ই বাংলানগর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.btrc.gov.bd



স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.১১.০০২.২৬. ২০২২

তারিখ : ২৩ আষাঢ় ১৪৩৩বঃ
০৭ জুলাই ২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন এর ৯ম ও ১০ম গ্রেডের শূন্য পদে জনবল নিয়োগের ফলাফল প্রকাশ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বিটিআরসি) এর ৯ম ও ১০ম গ্রেডের শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত ১৯-১২-২০২৫ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষা এবং ১৪-০৬-২০২৬, ১৫-০৬-২০২৬, ১৬-০৬-২০২৬ ও ১৮-০৬-২০২৬ তারিখে অনুষ্ঠিত মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করে নিম্নবর্ণিত রোলনম্বরধারী প্রার্থীগণকে বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে নির্বাচিত করা হলোঃ


ক্রঃ	পদের নাম	বেতন গ্রেড	রোল নম্বর (মেধাক্রমানুসারে)
১।	সহকারী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন)	৯ম	১১০০০১০০=মোট ০১(এক) জন।
২।	সহকারী পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)	৯ম	১২০০২১৬৯, ১২০০২৩২০, ১২০০২১৮৪ ও ১২০০০০২৪= মোট ০৪ (চার) জন।
৩।	সহকারী পরিচালক (লিগ্যাল)	৯ম	১৩০০০০৬৭ ও ১৩০০০১৮২=মোট ০২(দুই) জন।
৪।	সহকারী পরিচালক (প্রকৌশল ও পরিচালন)	৯ম	১৪০০১০১১, ১৪০০০০৯৯ ও ১৪০০০৯২৭=মোট ০৩(তিন) জন।
৫।	সহকারী পরিচালক (এনফোর্সমেন্ট)	৯ম	১৫০০০১০০ = মোট ০১(এক) জন।
৬।	উপ-সহকারী পরিচালক (আইটি)	১০ম	১৭০০০৩৭৫ = মোট ০১(এক) জন।
৭।	উপ-সহকারী পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব)	১০ম	১৮০০০০৮৯=মোট ০১(এক) জন।
৮।	উপ-সহকারী পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)	১০ম	১৯০০০২৬২=মোট ০১(এক) জন।
৯।	উপ-সহকারী পরিচালক (লিগ্যাল)	১০ম	২০০০০৪৮৯ ও ২০০০০০৯১= মোট ০২(দুই) জন।
১০।	উপ-সহকারী পরিচালক (লাইসেন্স)	১০ম	২১০০১৬০২, ২১০০১০৫৩ ও ২১০০১০২১=মোট ০৩(তিন) জন।
১১।	উপ-সহকারী পরিচালক (পরিদর্শন)	১০ম	২২০০০৯৬৫= মোট ০১(এক) জন।

২। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত সকল তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি বিজ্ঞাপনের শর্ত এবং আবেদনপত্রে প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বিটিআরসি) প্রার্থীদের এই শর্তে সাময়িকভাবে নির্বাচিত করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থীর সকল সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৩। বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন কর্তৃক সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের পরবর্তীকালে কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোন উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক নির্বাচন বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্রবিশেষে প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক নিয়োগের জন্য নির্বাচন পূর্ববর্তী জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ নির্বাচিত প্রার্থীকে নিয়োগ প্রদান করবে।

৫। প্রকাশিত ফলাফলে কোন উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা বিটিআরসি সংরক্ষণ করে।



(মোঃ মেহেদী-উল-সহিদ)

মহাপরিচালক-প্রশাসন (যুগ্মসচিব)

ও

সদস্য সচিব

৯ম ও ১০ম গ্রেডের জনবল নিয়োগ বাছাই কমিটি

ফোনঃ +৮৮০২২২২২১৭১১১

ই-মেইলঃ dgadmin@btrc.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ-পরিচালক, ক্রয় ও আইটি ব্যবস্থাপনা, বিটিআরসি (বিজ্ঞপ্তিটি বিটিআরসি'র ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)
- ২। মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ভ্যালু এ্যাডেড সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড-১৭, গুলশান-১, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েবসাইটে প্রদর্শন এবং সংশ্লিষ্ট প্রার্থীদের অনুকূলে এসএমএস প্রদানের অনুরোধ করা হলো)
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিটিআরসি (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।